

PRINT

সমকাল

উত্তরপত্র জালিয়াতি বরিশাল বোর্ডের আরও ২ কর্মচারী বরখাস্ত

৯ ঘণ্টা আগে

বরিশাল ব্যুরো

বরিশাল শিক্ষা বোর্ডে ২০১৯ সালের এইচএসসি পরীক্ষায় উত্তরপত্র জালিয়াতির ঘটনায় অস্থায়ী দুই কর্মচারীকে বরখাস্ত করা হয়েছে। তারা হলেন অফিস সহকারী নিতাই চন্দ ও শংকর দাস। গত সোমবার তাদের বরখাস্ত করা হয়েছে। এ নিয়ে উত্তরপত্র জালিয়াতির ঘটনায় এ বোর্ডের চার কর্মচারীকে বরখাস্ত করা হলো। এর আগে গোবিন্দ চন্দ্র পাল ও মনিরুল ইসলাম নামের দুই কর্মচারীকে বরখাস্ত করা হয়েছিল।

বরিশাল বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. ইউনুস জানান, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে নিতাই চন্দ ও শংকর দাসকে বরখাস্ত করা হয়েছে। উত্তরপত্র জালিয়াতির কার্যক্রমে তারা জড়িত ছিলেন বলে একটি ভিডিও ফুটেজে দেখা গেছে।

এর আগে উত্তরপত্র জালিয়াতির অভিযোগে চলতি বছর এইচএসসিতে বোর্ডের ১৮ শিক্ষার্থীর ফল স্থগিত রাখা হয়। তাদের বিরুদ্ধে উচ্চতর গণিত প্রথমপত্রের উত্তরপত্র জালিয়াতির অভিযোগ পাওয়া যায়। খাতা দেখার জন্য প্রধান পরীক্ষকের তৈরি উত্তরপত্রের সঙ্গে ওই শিক্ষার্থীদের উত্তরপত্র হুবহু মিলে যায়। পরে বিষয়টি খতিয়ে দেখতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বরিশাল অঞ্চলের পরিচালককে প্রধান করে তদন্ত কমিটি করা হয়। তাদের প্রতিবেদনের ভিত্তিতে ওই পরীক্ষার্থীদের এরই মধ্যে তিন বছরের জন্য বহিষ্কার করা হয়েছে। এ ঘটনায় বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আনোয়ারুল আজিমের দায়ের করা মামলাটি বর্তমানে পুলিশের অপরাধ তদন্ত বিভাগে (সিআইডি) রয়েছে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:
ad.samakalonline@outlook.com